গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
সাধারণ প্রশাসন শাখা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০১.১৮.০০০১.২৬.৩৭৫৭

তারিখ: ৩ কার্তিক ১৪৩৩ / ১৯ অক্টোবর ২০২৬

বিষয়: জাতীয়করণকৃত শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও স্কুল-কলেজ) এমপিওভুক্ত জনবলের এমপিও ইনডেক্স কর্তন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি সিদ্ধান্তের আলোকে যে সকল এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও স্কুল-কলেজ) ইতোমধ্যে জাতীয়করণ হয়েছে এবং প্রতিষ্ঠানগুলোর এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের রাজস্বখাতভুক্ত পদে পদায়ন সম্পন্ন হয়েছে, তাদের সরকারি পিডিএস (PDS)-এ রেজিস্ট্রেশন করার জন্য এমপিও ইনডেক্স কর্তন করা আবশ্যক।
এ ধরনের প্রতিষ্ঠান প্রধানগণকে তাঁর প্রতিষ্ঠানের পূর্বে এমপিওভুক্ত (ইনডেক্সধারী) এবং পরবর্তীতে রাজস্বখাতভুক্ত পদে পদায়ন সম্পন্ন জনবলের ইনডেক্স যথাযথ প্রক্রিয়ায় MPO Online Software-এর মাধ্যমে অথবা মাউশিতে (DSHE) হার্ডকপিতে আবেদন করে ইনডেক্স কর্তন পূর্বক শিক্ষক/কর্মচারীগণকে রাজস্বখাতভুক্ত জনবল হিসেবে নতুন পিডিএস আইডি (PDS ID) প্রাপ্তির জন্য রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
উল্লেখ্য কেবলমাত্র যথাযথ প্রক্রিয়ায় আবেদন করে ইনডেক্স কর্তনের পরই উক্ত শিক্ষক-কর্মচারীগণ রাজস্বখাতভুক্ত জনবল হিসেবে রেজিস্ট্রেশন করে পিডিএসভুক্ত হতে পারবেন।

বিষয়টি অত্যন্ত জরুরি।

১৯-১০-২০২৬
প্রফেসর মোঃ নাজমুল হক
পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, নব্য জাতীয়করণকৃত সকল শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ)।
৩। আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০১.১৮.০০০১.২৬.৩৭৫৭/১ (৫)

তারিখ: ৩ কার্তিক ১৪৩৩ / ১৯ অক্টোবর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২। উপপরিচালক (বেসরকারি কলেজ/বেসরকারি মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩। জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস (সকল)।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয় (সকল)।
৫। প্রশাসনিক কর্মকর্তা, সাধারণ প্রশাসন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

১৯-১০-২০২৬
প্রফেসর মোঃ নাজমুল হক
পরিচালক